



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সরকারি সমুদ্র পরিবহন অফিস  
সরকারি কার্য ভবন-০১, আগ্রাবাদ, চট্টগ্রাম  
ফোন নং-+৮৮০-২৩৩৩৩২৩৭৫৪  
gso@gso.gov.bd



শুদ্ধাচার চর্চায় উৎসাহিত করার লক্ষ্যে পুরস্কার প্রদানের জন্য অফিস আদেশ নং- ১৮.১৭.১৫০০.৩০৪.১৮.০৮০.১৮.১ তারিখ ০১-০১-২০২৪ মোতাবেক  
০২-০১-২০২৪ খ্রি: তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী


সভাপতি	মোঃ জাকির হোসেন চৌধুরী শিপিং মাস্টার
সভার তারিখ	০২-০১-২০২৪ খ্রি:
সভার সময়	সকাল ৯:৩০ ঘটিকা
স্থান	সরকারি সমুদ্র পরিবহন অফিস, চট্টগ্রাম
উপস্থিতি	পরিশিষ্ট

সভাপতি মহোদয় সভার শুরুতে কমিটির সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, সরকার সেবাপ্রার্থীদেরকে সম্মানের সাথে সহজতরভাবে সেবা প্রদান করার জন্য বিভিন্ন প্রকার কর্মকান্ড গ্রহণ করেছে। এদের মধ্যে শুদ্ধাচার অন্যতম একটি পদক্ষেপ। তিনি উল্লেখ করেন, আমরা সবাই সেবক। সেই হিসেবে সকল সরকারি নিয়ম-নীতির আলোকে সম্পূর্ণ নৈতিক ও পরিশুদ্ধতায় নিজেদের অবস্থান প্রকাশ ও সেবাপ্রার্থীদেরকে সেবা প্রদান করে শুদ্ধাচার গ্রহণ করার উত্তম সুযোগলাভ করা সম্ভব। এরপর শুদ্ধাচার পুরস্কার প্রদানের বিষয়টি সভার উপস্থাপন করার জন্য সভাপতি “শুদ্ধাচার চর্চায় পুরস্কার প্রদানের জন্য বাছাই” কমিটির সদস্য উপ-শিপিং মাস্টার জনাব মীর আফতাবুল কাউসারকে নির্দেশনা প্রদান করেন। তৎপ্রেক্ষিতে তিনি জানান, মন্ত্রীপরিষদ বিভাগের প্রজ্ঞাপন নং- ০৪.০০.০০০০.৮২২.১৪.০৭০.১৯.১৪৬ তারিখ ১৪-১১-২০২১ খ্রি: মোতাবেক শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ পরিবর্তন, পরিমার্জন, সংশোধন ও সমন্বয় সাধন করা হয়েছে। শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ এর প্রেক্ষিতে গ্রেড-২ হতে গ্রেড-৯, গ্রেড-১০ হতে গ্রেড-১৬ এবং গ্রেড-১৭ হতে গ্রেড-২০ পদভুক্ত অত্র অফিসের কর্মচারীদের মধ্য হতে “শুদ্ধাচার চর্চায় পুরস্কার” প্রদান করার নিমিত্ত ০১ (এক) জন করে মোট ০৩(তিন) জন কর্মচারীকে ২০২২-২৩ অর্থ বছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান করা যাবে। সে প্রেক্ষিতে সভাপতি জানান, যেহেতু অত্র দপ্তরে গ্রেড-২ হতে গ্রেড-৯ ভুক্ত দুই জন কর্মকর্তা আছেন যারা বর্তমান কমিটিতে অন্তর্ভুক্ত। তাই তাদের পুরস্কার প্রদানের বিষয়টি অধিদপ্তর হতে গঠিত কমিটি বিবেচনা করতে পারে। অত্র দপ্তরের কমিটি দপ্তরের গ্রেড-১০ হতে গ্রেড-১৬ এবং গ্রেড-১৭ হতে গ্রেড-২০ পদভুক্ত কর্মচারীদের মধ্যে পুরস্কার প্রদানের জন্য মূল্যায়ন করবে।

২। মন্ত্রীপরিষদ বিভাগের প্রজ্ঞাপন নং- ০৪.০০.০০০০.৮২২.১৪.০৭০.১৯.১৪৬ তারিখ ১৪-১১-২০২১ খ্রি: শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ এর মূল্যায়ন পদ্ধতি মোতাবেক শুদ্ধাচার চর্চায় জন্য ১০ টি সূচকে ধার্যকৃত কার্যক্রমে মোট ১০০ নম্বর বিবেচনাযোগ্য। উক্ত প্রেক্ষিতে ২০২২-২৩ অর্থ বছরের শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য গ্রেড-১০ হতে গ্রেড-১৬ এবং গ্রেড-১৭ হতে গ্রেড-২০ পদভুক্ত সকল কর্মচারীকে পৃথক ভাবে মূল্যায়নপূর্বক নম্বর প্রদান করা হয় (কপি সংযুক্ত)। উক্ত মূল্যায়নের প্রেক্ষিতে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত নিম্নোক্ত কর্মচারীদের পুরস্কারের জন্য নির্বাচন করার বিষয়ে কমিটি সর্বসম্মত সিদ্ধান্ত প্রদান করে।

ক্র:নং	বেতন গ্রেড	নাম ও পদবী	প্রাপ্ত স্কোর	বর্তমান গৃহীত মূল বেতন
১.	গ্রেড-১০ হতে গ্রেড-১৬	জনাব মো: দেওয়ান খায়রুল হাসান, সহকারী শিপিং মাস্টার (গ্রেড-১১)	৯৫	২৬,১০০/-
২.	গ্রেড-১৭ হতে গ্রেড-২০	জনাব উজ্জ্বল চন্দ্র সূত্রধর, অফিস সহায়ক (গ্রেড-১৮)	৯৩	১৭,৫২০/-

সিদ্ধান্ত:- মন্ত্রীপরিষদ বিভাগের প্রজ্ঞাপন নং- ০৪.০০.০০০০.৮২২.১৪.০৭০.১৯.১৪৬ তারিখ ১৪-১১-২০২১ খ্রি: অনুসারে এবং শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ মোতাবেক ২০২২-২৩ অর্থ বছরের শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য অত্র অফিসের ১। মো: দেওয়ান খায়রুল হাসান, সহকারী শিপিং মাস্টার (গ্রেড-১১) এবং ২। জনাব উজ্জ্বল চন্দ্র সূত্রধর, অফিস সহায়ক (গ্রেড-১৮) মনোনীত হয়। শুদ্ধাচার চর্চায় পুরস্কার হিসাবে তাঁরা মন্ত্রিপরিষদ বিভাগ-এর নির্ধারিত ফরম্যাটে একটি সার্টিফিকেট, একটি ফ্রেস্ট এবং একমাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ যথাক্রমে- ২৬,১০০/- ও ১৭,৫২০/-প্রাপ্য হবেন।



১১-০১-২০২৪


মোঃ জাকির হোসেন চৌধুরী  
শিপিং মাস্টার  
gso@gso.gov.bd

২৭ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ১১ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ১৮.১৭.১৫০০.৩০৪.১৮.০৮০.১৮.১৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, নৌপরিবহন অধিদপ্তর;
- ২। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, নাসিরাবাদ, চট্টগ্রাম;
- ৩। উপ-শিপিং মাস্টার, উপ-শিপিং মাস্টার এর দপ্তর, সরকারি সমুদ্র পরিবহন অফিস;
- ৪। জনাব মোঃ দেওয়ান খায়রুল হাসান, সহকারী শিপিং মাস্টার, সহকারী শিপিং মাস্টার এর দপ্তর, সরকারি সমুদ্র পরিবহন অফিস;
- ৫। অফিস সহকারী, হিসাব শাখা, সরকারি সমুদ্র পরিবহন অফিস;
- ৬। জনাব উজ্জ্বল চন্দ্র সূত্রধর, অফিস সহায়ক, সরকারি সমুদ্র পরিবহন অফিস এবং
- ৭। সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর, শিপিং মাস্টার এর দপ্তর, সরকারি সমুদ্র পরিবহন অফিস।



১১-০১-২০২৪

মোঃ জাকির হোসেন চৌধুরী  
শিপিং মাস্টার

**সকল সংযুক্তিসমূহ:**

- (১) শুদ্ধাচার পুরস্কার মূল্যায়ন ২০২২-২৩
- (২) শুদ্ধাচার পুরস্কার নীতিমালা সংশোধিত-২০২১